# পলটিস্‌ক

**অদীপ ঘোষ**

—বাবা, ক্যাডবেরির বড় একটা সেলিব্রেসান কিনে দেবে?

—কেন রে? ওর তো অনেক দাম।

—গোকুল তো স্কুলে রোজ আনে।

—ওরা বড়লোক।

—তুমিও বড়লোক হয়ে যাও।

—বললেই কি বড়লোক হওয়া যায়। তোর বাবা একটা পাতি কেরানি।

—কেরানি মানে?

—এই ধর্‌ অফিসে বসে লেখা জোখার যে কাজ করে।

—তুমি ও কাজ ছেড়ে দাও। জানো, গোকুল গাড়ি করে স্কুলে আসে, যায়। ওদের নিজেদের গাড়ি। ওর ব্যাগে মোবাইল থাকে।

—ক্লাস ফাইভেই মোবাইল।

—টিফিনে ও মাকে ফোন করে।

—ওগুলো গেঁড়ে পাকামি।

—এই কাজটা ছেড়ে তুমিও গোকুলের বাবার মত কাজ নিয়ে বড়লোক হয়ে যাও

—গোকুলের বাবা কি কাজ করেন?

—ওর বাবা হেভি লোক; হেড স্যার থেকে সব স্যার গোকুলকে কত আদর করে।

—পড়াশোনা না করলেও... ?

—ও তো কোনো দিন পড়া পারেই না। ক্লাসে অসভ্যতা করলেও স্যারেরা ওকে কিছু বলে না।

—গোকুলের বাবা কি করেন?

—ওই তো কি বলে না— পলিটিস্‌ক... ওখানেই কাজ করে।’